

West Bengal State University
B. Ed. Examinations, June, 2014
(Semester-II)
PEDAGOGICAL ANALYSIS OF THE CONTENT
AND KNOWLEDGE OF BENGALI
Method Paper

সময় : ৩ ঘণ্টা]

[পূর্ণমান : ১০০

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

বিভাগ - ক

যে কোন একটি প্রশ্নের উত্তর দিন।

১। যে কোন পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন (প্রতিটি দুটি বা তিনটি বাক্যে) : ৫ × ২ = ১০

- ক) আধুনিক ভাষাবিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে ভাষার সংজ্ঞা লিখুন।
- খ) মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদান প্রসঙ্গে রাধাকৃষ্ণ কমিশনের মূল বক্তব্যটি উল্লেখ করুন।
- গ) সাহিত্য শিক্ষণে কম্পিউটার ব্যবহারের দুটি দৃষ্টান্ত দিন।
- ঘ) 'বানান' ভুলের চারটি কারণ নির্দেশ করুন।
- ঙ) শিক্ষার্থীদের বাংলা শব্দ গঠন কৌশল শেখানোর জন্য ব্যাকরণের কোন অংশগুলির অনুশীলন অত্যন্ত জরুরী ?
- চ) 'গদ্য' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ লিখুন।
- ছ) সাহিত্য শিক্ষায় সম্বন্ধী পাঠ গুরুত্বপূর্ণ কেন ?
- জ) ভাষা ও সাহিত্য শিক্ষকের ব্যক্তিক সংলক্ষণগুলির প্রকাশ অত্যন্ত সজীব হওয়া প্রয়োজন কেন ? দুটি যুক্তি দিন।

২। নিম্নলিখিত বিষয়গুলি থেকে একটি বিষয় নির্বাচন করে পরবর্তী অংশে প্রদত্ত প্রশ্নগুলির অনুসরণে শিক্ষাবিজ্ঞানসম্মত বিশ্লেষণ করুন : ৪০

- অ) সপ্তম শ্রেণির উপযোগী ব্যাকরণের একটি বিষয়।
- আ) অষ্টম শ্রেণির একটি কবিতা / কবিতাংশ।

- ই) নবম শ্রেণির একটি গদ্য / গদ্যাংশ।
 ঈ) দশম শ্রেণির উপযোগী একটি সৃজনশীল রচনা।
 উ) একাদশ শ্রেণির গদ্য / গদ্যাংশ।
 উ) দ্বাদশ শ্রেণির উপযোগী একটি প্রবন্ধ রচনা।

প্রশ্নাবলী :

- ক) নির্বাচিত বিষয় বিশ্লেষণের জন্য 'একক'টিকে 'উপএককে' বিভক্ত করে পিরিয়ড সংখ্যা নির্ধারণ করুন।
- খ) নির্বাচিত উপএককের বিষয়বস্তু সংক্ষেপে লিখুন।
- গ) উপএককটি আলোচনার জন্য শিক্ষার্থীদের কী ধরনের পূর্বজ্ঞান থাকা প্রয়োজন ?
- ঘ) উপএককটি পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীদের কোন কোন আচরণ সামর্থ্যের বিকাশ ঘটবে তা 'অ্যাকশন ভার্ব' ব্যবহার করে নির্দিষ্ট করে লিখুন।
- ঙ) বিষয়বস্তু উপস্থাপনার ক্ষেত্রে আপনি কোন ধরনের পদ্ধতি এবং শিক্ষণকৌশল ব্যবহার করবেন ?
- চ) বিষয়বস্তু পাঠদানের জন্য শিক্ষাপ্রদীপন ও তার ব্যবহার লিখুন।
- ছ) দুটি যথার্থ অনুসন্ধানী প্রশ্ন (উত্তরসহ) লিখুন।
- জ) বিষয়বোধকে প্রাঞ্জল এবং আকর্ষণীয় করে তোলার জন্য আপনি কী ধরনের উদাহরণসহ সাহায্য নেবেন প্রসঙ্গসহ লিখুন।
- ঝ) উদ্দেশ্যভিত্তিক মূল্যায়নের জন্য একটি বিনির্দেশক সারণি প্রস্তুত করুন।
- ঞ) শিখন সামর্থ্যের পরিপ্রেক্ষিতে সারণি অনুযায়ী একটি অতীক্ষাপত্র তৈরি করুন (উদ্দেশ্যভিত্তিক কমপক্ষে দুটি করে প্রশ্ন)।

বিভাগ - খ

- ১। যে কোন পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন (প্রতিটি ৩০০ শব্দের মধ্যে) : ৫ × ১০ = ৫০
- ক) শিশুর জীবন ও শিক্ষার ভিত্তি নির্মাণে বিদেশী ভাষা কখনোই মাতৃভাষার বিকল্প হতে পারে না — আপনি কি এই মন্তব্য সমর্থন করেন ? আপনার অভিমতের পক্ষে যুক্তি উপস্থাপন করুন।
- খ) বর্তমান নিম্ন মাধ্যমিক স্তরের বাংলা ভাষা ও সাহিত্যের পাঠ্যসূচীর মূল্যায়ন করুন।

- গ) 'দ্রুতপঠন' এই পরিভাষাটির অর্থ ব্যাখ্যা করুন। ভাষা ও সাহিত্যের পাঠক্রমে দ্রুতপঠনের প্রয়োজন কোথায় ? দ্রুতপঠনের শিক্ষণ পদ্ধতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন। ২ + ৪ + ৪
- ঘ) কবিতা পাঠদানের উদ্দেশ্য কি ? কী পদ্ধতিতে কবিতা পাঠদান করলে তা অধিক কার্যকর হয়ে উঠবে ? ৪ + ৬
- ঙ) ভাষা ও সাহিত্যের অনুশীলনে এবং ভাষা ও সাহিত্যের শিক্ষার্থীদের শিখন সামর্থ্যের মূল্যায়নে রচনাধর্মী প্রশ্ন এবং নৈর্ব্যক্তিক প্রশ্নের গুরুত্ব আলোচনা করুন। ৫ + ৫
- চ) 'রচনা' কাকে বলে ? শিক্ষার্থীদের রচনা-দক্ষতার বিকাশে ভাষা ও সাহিত্য শিক্ষকের ভূমিকা আলোচনা করুন। ৩ + ৭
- ছ) 'সহপাঠ্যক্রমিক' শব্দটির অর্থ ব্যাখ্যা করুন। ভাষা ও সাহিত্য শিক্ষায় নিম্নলিখিত সহপাঠ্যক্রমিক চর্চাগুলির গুরুত্ব বুঝিয়ে দিন : ২ + ৪ + ৪
- অ) বক্তৃতা
- আ) দেওয়াল পত্রিকা।
- জ) টীকা লিখুন : ৫ + ৫
- অ) ভাষা আয়ত্তীকরণ
- আ) অনুবাদ চর্চা।